



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং : বশিবো/কলেজ/অনু:/২০২১/১০৫

তারিখ : ০৮.০৩.২০২১

বিষয় : উচ্চমাধ্যমিক একাদশ শ্রেণির (২০২০-২০২১) শিক্ষার্থীদের ছাড়পত্র সংশ্লিষ্ট আবেদনের বিজ্ঞপ্তি :

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বরিশাল শিক্ষাবোর্ডের সকল কলেজের অধ্যক্ষ মহোদয় এবং অভিভাবক ও শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ছাড়পত্র এবার অন-লাইনের মাধ্যমে সম্পন্ন হবে। আগামী ২০.০৩.২০২১ থেকে ২০.০৪.২০২১ পর্যন্ত এই কার্যক্রম চলবে। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট স্টেটক হোল্ডারদের নিম্নোক্ত পদ্ধতিতে ছাড়পত্রের আবেদন সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো -

০১. বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েবপেইজে Panel link এর College Seat Status অপশনে সকল কলেজের আসন সংখ্যা দেয়া থাকবে। সেখানে কোন কলেজে কত আসন শূণ্য আছে এবং কোন কলেজে ভর্তির GPA কত তা উল্লেখ থাকবে। যে কলেজে আসন শূণ্য নেই এবং আবেদিত শিক্ষার্থীর কাঙ্ক্ষিত GPA নেই - সে কলেজে আবেদন করলে সে আবেদন অন-লাইন গ্রহণ করবে না।

০২. শিক্ষার্থী কর্তৃক এস এস সি পাশের একাডেমিক ট্রান্সক্রিপ্টের সত্যায়িত ফটোকপি এবং শিক্ষাবোর্ডের ওয়েবপেইজে সংরক্ষিত নতুন টি. সি ফরমের পূরণকৃত কপি - যা ভর্তিকৃত কলেজের অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হতে হবে, তা নিয়ে ভর্তিকৃত কলেজের অধ্যক্ষ বরাবর ট্রান্সফারের আবেদন করতে হবে।

০৩. কলেজের অধ্যক্ষ মহোদয় শিক্ষার্থীর এই আবেদনের প্রেক্ষিতে বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েবপেইজে প্রদর্শিত QTC - HSC প্যানেলে ঢুকে কলেজের EIIN ও PASSWORD দিয়ে ক্লিক করলে QTC ড্যাশবোর্ড দেখা যাবে।

০৪. ঐ ড্যাশবোর্ডের QTC মেনুতে ক্লিক করলে ফর্মের ডান পাশে ADD TRANSFER STUDENT মেনু পাওয়া যাবে। এখানে ক্লিক করলে শিক্ষার্থীদের তথ্য পূরণ করার একটি ফরম ওপেন হবে।

০৫. ওপেনকৃত ফরমে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর সহ যে কলেজে বদলি হতে চায়, সে কলেজের তথ্য (জেলা, উজেলা এবং EIIN) SELECT করে ফরমে প্রদত্ত অন্যান্য তথ্য কলেজ কর্তৃপক্ষ পূরণ করে ADD BUTTON এ ক্লিক করলে শিক্ষার্থীর সকল তথ্য সহ একটি ড্যাশ বোর্ড ওপেন হবে। ড্যাশবোর্ডে প্রদত্ত তথ্য এবং শিক্ষার্থীর TC ফরমে প্রদত্ত তথ্য সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ মহোদয় ভালো করে মিলিয়ে দেখবেন। এই ড্যাশ বোর্ডের নিচের দিকে শিক্ষার্থীদের একটি মোবাইল নম্বর দেয়ার ঘর থাকবে। ঐ ঘরে শিক্ষার্থীর সঠিক মোবাইল নম্বরটি দিতে হবে।

০৬. অধ্যক্ষ শিক্ষার্থীদের তথ্যাদি যাচাই বাছাই করে বদলিকৃত কলেজের বিষয়ের সাথে সামঞ্জস্য থাকলে (বিষয় ও শাখা যাচাই বাছাই করার জন্য প্যানেলের নিচের অংশে বদলিকৃত কলেজের শাখা ও বিষয় AD করা থাকবে) TC ফরমটি স্ক্যান করে PDF ফরমেটে এখানে সংযোগ করবেন। এরপর SUBMIT BUTTON ক্লিক করে বোর্ড কর্তৃপক্ষের কাছে ঐ ফরম প্রেরণ করবেন এবং একই সাথে শিক্ষার্থীর মোবাইল নম্বরে একটি সিক্রেট কোড নম্বর যাবে- যা কোনক্রমেই হারানো চলবে না।

০৭. এ প্রক্রিয়ায় একটি T T SLIP বের হবে। ঐ T T SLIPটি শিক্ষার্থী কর্তৃক পূরণ করে ২০০০/ টাকা সহ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিতে হবে।

০৮. T T SLIP প্রেরণ করার পর মূল তথ্যাদি শিক্ষাবোর্ডের সংশ্লিষ্ট দপ্তরে আসবে এবং প্রসেস হয়ে CONFORMATION MESSAGE এর মাধ্যমে ভর্তিকৃত কলেজের অধ্যক্ষ, বদলির মাধ্যমে ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট শিক্ষার্থীর মোবাইল অপশনে একটি MESSAGE যাবে।

০৯. এরপর শিক্ষার্থী ঐ MESSAGE দেখিয়ে ভর্তিকৃত কলেজ থেকে T.C গ্রহণ করে বদলিকৃত কলেজে গিয়ে ঐ T.C এবং ভেরিফিকেশন কোড ও মোবাইল MESSAGE দেখিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে।

(Signature) ০৮.০৩.২১

ড.মো: লিয়াকত হোসেন

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল।

(Signature)